

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৪৭৭  
কাঞ্চনপুর, ১৭ জানুয়ারি, ২০২৫

**কাঞ্চনপুরে প্রজাতন্ত্র দিবস উদযাপনের প্রস্তুতি**

গতকাল কাঞ্চনপুর ডাকবাংলোয় কাঞ্চনপুর মহকুমা ভিত্তিক পূর্ণরাজ্য দিবস ও প্রজাতন্ত্র দিবস উদযাপন করার লক্ষ্যে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। কাঞ্চনপুর মহকুমার মহকুমা শাসক ড. দীপক কুমারের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় দশদার বিডিও অমপুইয়া দার্লং, ডিসিএম অনন্ত কুমার দাস, ডিসিএম শক্তি দেববর্মা, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ, বিভিন্ন ক্লাব ও বাজার কমিটির প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। সভায় সিদ্ধান্ত নেওয়া হয় যে, আগামী ২১ জানুয়ারি কাঞ্চনপুর টাউনহলে মহকুমাভিত্তিক পূর্ণরাজ্য দিবস উদযাপন করা হবে। এছাড়াও প্রজাতন্ত্র দিবস উদযাপন কর্মসূচির মধ্যে রয়েছে বসে আঁকো প্রতিযোগিতা, সাফাই অভিযান, ফল ও মিষ্টি বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান। ২৬ জানুয়ারি কাঞ্চনপুর ক্রিকেট অ্যাসোসিয়েশন প্রাঙ্গণে কাঞ্চনপুর মহকুমা ভিত্তিক প্রজাতন্ত্র দিবসের মূল অনুষ্ঠান আয়োজিত হবে। সেখানে জাতীয় পতাকা উত্তোলন, গার্ড অফ অনার ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হবে। সভায় কাঞ্চনপুর মহকুমার মহকুমা শাসক উক্ত অনুষ্ঠানগুলিকে সফল করে তোলার জন্য সকলের সহযোগিতা চেয়েছেন।

\*\*\*\*\*